

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা ও দায়রা জজ এর কার্যালয়  
মুন্সিগঞ্জ।

স্মারক নং-

তারিখ : ১১/০৮/২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

মুন্সিগঞ্জ জেলার জেলা ও দায়রা জজ আদালত এর নিম্নোক্ত শূন্য পদ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে আগ্রহী যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নিম্নে উল্লেখিত শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১.	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	০১ (এক)	গ্রেড-১৪ ১০,২০০-২৪,৬৮০/-	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং (গ) প্রাতিষ্ঠানিক নির্ধারিত গতি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
২.	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর (নিম্নমান সহকারী)	০৭ (সাত)	গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/-	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার Word Processing/Data Entry ও Typing ইত্যাদির গতি বাংলা প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিটে ২০ শব্দ থাকতে হবে।
৩.	জারীকারক	০২ (দুই)	গ্রেড-১৯ ৮৫০০-২০৫৭০/-	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৪.	অফিস সহায়ক	০২ (দুই)	গ্রেড-২০ ৮২৫০-২০০১০/-	(ক) ৮ম শ্রেণী পাস।

### শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীগণের সাদা কাগজে আবেদনপত্রে প্রার্থীর (ক) নিজের নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ৩১/০৮/২০২২ খ্রি. তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) নিজ জেলা (ট) শিক্ষাগত যোগ্যতা ও (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক প্রার্থীর স্বহস্তে আবেদনপত্র প্রস্তুতক্রমে ১০ (দশ) টাকার স্ট্যাম্পযুক্ত প্রার্থীর ঠিকানা সম্বলিত একটি (৯.৫" X ৪.৫") ফেরৎ খামসহ আবেদনপত্র সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, মুন্সিগঞ্জ বরাবরে আগামী ৩১/০৮/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকেল ৫.০০ ঘটিকা) সরাসরি অথবা ডাকযোগে দরখাস্ত পৌঁছাতে হবে।
- ৩১/০৮/২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নাহে।
- চাকরীরত প্রার্থীকে অবশ্যই বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে :  
(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি (খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণস্বরূপ সনদপত্রসমূহের ফটোকপি (গ) জাতীয় পরিচয়পত্র (NID Card) এর ফটোকপি (ঘ) মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে এতদসংক্রান্ত প্রামাণিক সনদপত্রের ফটোকপি, (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র, (চ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদপত্র।
- সরকার কর্তৃক জারীকৃত বিধিবিধান অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।
- খামের উপর প্রার্থিত পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় তথ্য যাচাইয়ের জন্য প্রার্থীকে অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতার সনদপত্রসহ জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ, ঘষামাজা, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কেবলমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের বরাবরে লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রবেশপত্র প্রেরণের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বিবেচিত হলে নিয়োগপত্র প্রদান করা হবে।
- প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন, বাতিল ও বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় ক্যালকুলেটর, মোবাইল ফোন এবং যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখা যাবে না।
- এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।
- নিয়োগের ক্ষেত্রে যে কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-  
(মোতাহরাত আখতার হুঁইয়া)  
সভাপতি  
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি  
ও  
অতিরিক্ত জেলা ও দায়রা জজ  
মুন্সিগঞ্জ।